

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ১১০

এ,

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিবৃন্দ এবং সুপ্রীম কোর্টের বিজ্ঞ আইনজীবীগণের মামলা শুনানীকালীন পরিধেয় পোশাক সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সাথে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় জ্যেষ্ঠ বিচারপতি মহোদয়গণের আলোচনাক্রমে এই সিদ্ধান্ত হয় যে, পরিবর্তিত পরিস্থিতিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় বিচারপতিবৃন্দ এবং বিজ্ঞ আইনজীবীগণ ক্ষেত্রমত টার্নড আপ সাদা কলার ও সাদা ব্যান্ডসহ সাদা শার্ট বা সাদা শাড়ী/সালোয়ার কামিজ পরিধান করবেন। এক্ষেত্রে কালো কোট এবং গাউন পরিধান করার প্রয়োজনীয়তা নেই।

২। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ প্রদান না করা পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

স্বাঃ/-

৩০/০৩/২০২১

(মোঃ বদরুল আলম ভূঞা)

রেজিস্ট্রার জেনারেল (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬২৭৮৫

ই-মেইল rg@supremecourt.gov.bd


স্মারক নং- ২২৫৫

এ,

তারিখঃ ১৬ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল, ঢাকা।
২. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. সভাপতি/সেক্রেটারী, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার/স্পেশাল অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা.....(সকল)।
৬. ডেপুটি রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৭. প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৮. সহকারী রেজিস্ট্রার/রিসার্চ এন্ড রেফারেন্স অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা.....(সকল)।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।
১০. বেঞ্চ রিডার/বেঞ্চ অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়ের সাথে, কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের অবগত করার অনুরোধ করা হলো)।
১১. ব্যক্তিগত কর্মকর্তা টু মাননীয় বিচারপতি (সকল)। (সকল মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
১২. নোটিশ বোর্ড।



(মোঃ মিজানুর রহমান)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন) (ভারপ্রাপ্ত)

ফোনঃ ৯৫৬১৯৩২